তারিখ 0 8 JUN 1992
পৃষ্ঠা ... ৮ কলাম ৬

# ক্যাম্পাসে ক্রস ফায়ারিং ঃ ৪টি শিশু গুলীবিদ্ধ


আহত কবির, তাপস ও জনি

**ইত্তেফাক রিপোর্ট ।।** গতকাল (রবিবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের এস, এম হল সংলগ্ন ফুলার রোড এলাকায় দুই গ্রুপের মধ্যে গুলী বিনিময়ের ঘটনায় উদয়ন ও নীলক্ষেত হাইস্কুলের ৪ জন ছাত্র গুলীবিদ্ধ হইয়া আহত হয়। ঘটনার পর পরই আহতদেরকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালে প্রেরণ করা হয়। সকাল পৌনে ১০টায় এই ঘটনা ঘটে। প্রত্যক্ষদর্শীরা জানায়, ব্যস্ত ফুলার রোডে আকস্মাৎ একটি মাইক্রোবাসের আবির্ভাব ঘটিলে এলাকায় আতংক দেখা দেয়। বাসটি এস, এম হল ও জগন্নাথ হলের মধ্যবর্তী রাস্তা অতিক্রম করার সময় চারিদিক হইতে এলোপাতাড়ি গোলাগুলী শুরু হয়। মাইক্রোবাস হইতেও গুলী করা হয়। এই সময় উদয়ন, নীলক্ষেত হাইস্কুল ও বিশ্ববিদ্যালয় ল্যাবরেটরী হাইস্কুলের ছাত্র-ছাত্রীদের কেহ বাসায় ফিরিতেছিল, কেহ স্কুলে যাইতেছিল। গোলাগুলীর শব্দ শুনিয়া অন্যান্যের মত তাহারাও প্রাণভয়ে দৌড়াদৌড়ি শুরু করিয়া দেয়। এক পর্যায়ে গোলাগুলীর মাত্রা বাড়িয়া গেলে এস, এম হল সংলগ্ন উদয়ন বিদ্যালয়ের পাশে তৃতীয় শ্রেণীর ছাত্র মীর আহসান কবীর (উদয়ন বিদ্যালয়), নীলক্ষেত হাইস্কুলের তৃতীয় ও চতুর্থ শ্রেণীর ছাত্র তাপস কুমার রায়; জনি কুমার রায় এবং ৭ বৎসরের শিশু মর্জিনা খাতুন গুলীবিদ্ধ হয়। তাপসের ডান পায়ে, জনির বাম পায়ে এবং হাতে, মর্জিনার ঘাড়ে এবং আহসান কবীরের ডান পায়ে গুলী লাগিয়াছে। মীর আহসান কবীরের পিতার নাম মীর লায়েক আলী। ২৪/২, ইস্কাটনে তাঁহাদের বাসা। তাপসের পিতা সুখলাল এবং জনির পিতা সমীরপাল জগন্নাথ হলের কর্মচারী। মর্জিনার পরিচয় পাওয়া যায় নাই।